International Day of the Midwife

5 May 2018

"Midwives leading the way with quality care"

Bangladesh Nursing & Midwifery Council

About

Bangladesh Nursing & Midwifery Council (BNMC)

Bangladesh Nursing & Midwifery Council

The Bangladesh Nursing & Midwifery Council is a Body Corporate constituted by Parliamentarian Law of People's Republic of Bangladesh under BNMC Act No. 48 of 2016.

Purpose of the BNMC

To ensure standards of nursing and midwifery education and practice in order to protect the vulnerable public, acts as a Registration Issuing & Renewal Authority as well as conducting Licensing Examination of nurses, midwives and other allied professions.

It acts as a National Education Board to ensure quality of education for nurses, midwives & other allied course curriculum authority and professions which regulates practice for maintaining clinical standards.

How is the BNMC constituted?

Nursing & Midwifery Council consists of 22 members. Among them two-third are from Nursing profession, others are from MoHFW, DGHS and DGNM. The members are from various disciplines like nurses, doctors, representative of professional associations and others. The President is the Secretary, Medical Education and Family Welfare Division, Ministry of Health & Family Welfare, the Vice President is Additional Secretary (Nursing Education), Ministry of Health & Family Welfare, the Director General, Directorate General of Nursing and Midwifery the Secretary is the Registrar and the Treasurer is the Director (Education), Directorate General of Nursing and Midwifery. Beside this, the Council employs three officers, i.e. a Registarar and two Deputy Registarar. Among them one Deputy Registarar deals with administration and the other with education. In addition there are IT Assistant Programmer, Administrative Assistants, Driver, Night guard, Office peon and Cleaners.

Activies of the BNMC

- Assessment of existing nursing care standard and comparing with desirable standard against set criteria
- Revising and improving admission standard and the examination system
- Reviewing & revising the existing Nursing & Midwifery Curriculum Periodically
- Introducing examination for renewal of Registration
- Conducting workshops/seminars on Rules & Regulations powered by BNMC Act 2016
- Preparation of future leaders for the professional development
- Establishing monitoring system of Nurses' & Midwives' competencies throughout the country
- Organizing and improving e-record keeping system of the BNMC
- Providing of Students Registration & RNM Database
- Conducting Licensing Examination for all the courses of Nursing and Midwifery
- Securing grant-in-aid and other financial resources to strengthen the BNMC

Future Plan of BNMC

- Launching pilot project on nursing and Midwifery standard
- Conducting Registration renewal examination
- Quality control of education and services
- Introducing teachers' training cell

5 May 2018

International Day of the Midwife

"Midwives leading the way with quality care"

BANGLADESH NURSING & MIDWIFERY COUNCIL

আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস-২০১৮

৫ম সংখ্যা

প্রকাশকাল
০৫ মে, ২০১৮

উপদেষ্টা সম্পাদক
সুরাইয়া বেগম

প্রধান সম্পাদক
ড. মোঃ মফিজ উল্লাহ্

সহ-সম্পাদক
রাশিদা আক্তার

প্রচ্ছদ পরিকল্পনা
মোঃ মাহবুব এম. ইমন

সার্বিক সহযোগিতা
মোঃ মুরাদ শিকদার
মঞ্জুরুল করিম
যোবায়ের আরাফাত

প্রকাশক
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর , ঢাকা-১০০০।
ফোন: ০২-৯৫৬১১১৬, ৯৫৬৪১৫৯
ই-মেইল: info@bnmc.gov.bd
ওয়েব: www.bnmc.gov.bd

কম্পিউটার গ্রাফিক্স
বিপ্লব কুমার শীল

মুদ্রণ ও অঙ্গসজ্জা
graph dot net
Creative Printing Media
E-mail: biplobpdnc@gmail.com
১০৪/১, ফকিরাপুল সাফাইয়াত উল্লাহ্ লেন, মতিঝিল, ঢাকা-১০০০।

بسم الله الرحمن الرحيم

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

বাণী

২২ বৈশাখ ১৪২৫
০৫ মে ২০১৮

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস পালনের উদ্যোগকে আমি স্বাগত জানাই।

গর্ভবতী মা ও নবজাতকের স্বাস্থ্যপরিচর্যা ও মৃত্যুহার হ্রাসে প্রশিক্ষিত মিডওয়াইফ গুরুত্বপূর্ণ অবদান রাখে। বিশেষ করে একজন মায়ের পরিবার পরিকল্পনা থেকে শুরু করে গর্ভধারণ, সন্তান প্রসব ও পরবর্তী সেবা প্রদানে মিডওয়াইফ অগ্রণী ভূমিকা রাখতে পারে। এ প্রেক্ষাপটে আন্তর্জাতিক মিডওয়াইফ দিবসের এবারের প্রতিপাদ্য 'Midwives Leading The Way With Quality Care'- 'মা ও শিশু স্বাস্থ্যের মানসম্মত সেবা প্রদানে মিডওয়াইফ এগিয়ে' যথার্থ হয়েছে বলে আমি মনে করি। মা ও শিশু মৃত্যুহার কাঙ্ক্ষিত পর্যায়ে নামিয়ে আনা এবং জনগণের মাঝে এ বিষয়ে ব্যাপক সচেতনতা সৃষ্টির জন্য প্রশিক্ষিত ও দক্ষ মিডওয়াইফের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মিডওয়াইফদের যথাযথ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দেশের প্রান্তিক জনগোষ্ঠির নিকট উন্নত স্বাস্থ্যসেবা পৌঁছে দেয়া সম্ভব বলে আমার দৃঢ় বিশ্বাস।

মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে বর্তমান সরবকার বদ্ধপরিকর। সে লক্ষ্যে সরকার মা ও শিশুর স্বাস্থ্যসেবা উন্নয়নে নানামুখী কর্মসূচি বাস্তবায়ন করছে। নিরাপদ মাতৃত্ব ও শিশু মৃত্যুহার হ্রাসে প্রশিক্ষিত মিডওয়াইফের গুরুত্ব বিবেচনায় সরকার মিডওয়াইফারি শিক্ষা কোর্স সার্ভিসের উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। পাশাপাশি দেশব্যাপী স্বাস্থ্য অবকাঠামো নির্মাণসহ বিপুলসংখ্যক চিকিৎসক ও নার্স নিয়োগ দেয়া হয়েছে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় স্বাস্থ্যখাতে সাফল্যের এ ধারা অব্যাহত থাকুক- এ প্রত্যাশা করি।

আমি আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস উপলক্ষে গৃহীত কর্মসূচির সার্বিক সফলতা কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

ধন্যবাদ

মোঃ আবদুল হামিদ

International Day of the Midwife 2018

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
১৯৭২
BANGLADESH NURSING & MIDWIFERY COUNCIL

International Day
of the Midwife
2016

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

২২ বৈশাখ ১৪২৫
০৫ মে ২০১৮

বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশেও ৫ই মে, ২০১৮ 'আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস' পালন করা হচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে আমি এ পেশার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা জানাচ্ছি।

দিবসটির এবারের প্রতিপাদ্য 'Midwives Leading The Way With Quality Care' (মা ও শিশু স্বাস্থ্যের মানসম্মত সেবা প্রদানে মিডওয়াইফ এগিয়ে)- অত্যন্ত সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।

আমাদের সরকার জনগণের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে ব্যাপক কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে। গর্ভবতী মা ও নবজাতকের উন্নত পরিচর্চা ও মৃত্যুহার রোধে আমরা বহুমুখী পদক্ষেপ গ্রহন করেছি। ফলে নির্দিষ্ট সময়ের পূর্বেই আমরা শিশু মৃত্যুর হার কমিয়ে MDGs গোল অর্জন করতে সক্ষম হয়েছি। এজন্য ২০১০ সালে জাতিসংঘ আমাদের 'এমডিজি অ্যাওয়ার্ড' প্রদান করে।

বাংলাদেশে নতুন নতুন হাসপাতাল প্রতিষ্ঠা, শয্যা সংখ্যা বৃদ্ধি, বিশেষায়িত হাসপাতাল ও নার্সিং ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেছি। প্রত্যন্ত অঞ্চলে স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে আমরা সাড়ে ১৮ হাজার কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র চালু করেছি। সরকারি হাসপাতালগুলোতে বিনামূল্যে রোগীদের ৩০ প্রকারের ঔষধ সরবরাহ করা হচ্ছে। এরফলে মা ও শিশু স্বাস্থ্যসেবায় উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হয়েছে। ফলে আজ আমরা উন্নয়নশীল দেশের মর্যাদা অর্জন করেছি।

মা ও শিশু মৃত্যুহার হ্রাসে ধারাবাহিক সাফল্য অর্জনের ক্ষেত্রে দক্ষ ও প্রশিক্ষিত মিডওয়াইফগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। গর্ভবতী মা ও নবজাতকের উন্নত পরিচর্যার ক্ষেত্রে বর্তমান সরকার সব ধরনের সুযোগ-সুবিধা ও পরিবেশ নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। সরকারি ৩৮টি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে এবং বেসরকারি ১৬টি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে ৩ বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্স চালু আছে। এছাড়াও তিন হাজার মিডওয়াইফ পদ সৃষ্টিসহ মিডওয়াইফ শিক্ষাকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে আমরা নানা উদ্যোগ গ্রহণ করেছি। মা ও শিশুর স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সকল জেলা-উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্স ও ইউনিয়ন সাব-সেন্টারে পর্যায়ক্রমে প্রশিক্ষিত মিডওয়াইফ নিয়োগ দেওয়া হবে।

আমি আশা করি, প্রত্যন্ত অঞ্চলে মা ও শিশুর মানসম্মত স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে মিডওয়াইফগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন।

আমি 'আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস ২০১৮' উপলক্ষে গৃহীত সকল কর্মসূচির সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
১৯৭২
BANGLADESH NURSING & MIDWIFERY COUNCIL

International Day
of the Midwife
2018

মন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

আমি জেনে আনন্দিত যে, আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস উপলক্ষ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল সম্মিলিতভাবে প্রতি বছরের ন্যায় এ বছরও আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস উদ্‌যাপন করছে।

১৯৯১ সালে ICM (International Confederation of Midwives) এর উদ্যোগে সর্বপ্রথম দিবসটি উদ্‌যাপিত হয়। তারই ধারাবাহিকতায় এ বছরও দিবসটি উদ্‌যাপিত হতে যাচ্ছে। দিবসটির প্রতিপাদ্য বিষয়: "Midwives Leading The Way With Quality Care" (মা ও শিশু স্বাস্থ্যের মানসম্মত সেবা প্রদানে মিডওয়াইফ এগিয়ে) বাংলাদেশের প্রেক্ষাপটে যা খুবই সময়োপযোগী। উন্নয়নশীল দেশের প্রেক্ষাপটে মা ও শিশুমৃত্যুর হার এখনও উদ্বেগজনক। এ প্রতিরোধযোগ্য সমস্যা সমাধানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় নানাবিধ পদক্ষেপ গ্রহন করেছেন। এগুলোর মধ্যে তিন বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-মিডওয়াইফারি কোর্স, ছয় মাসের এডভান্সড সার্টিফাইড মিডওয়াইফারি কোর্স, ওয়েব বেজড মিডওয়াইফারি মাস্টার্স কোর্স প্রবর্তন এবং মিডওয়াইফারিতে বৈদেশিক উচ্চতর ডিগ্রী গ্রহণের ব্যবস্থা উল্লেখযোগ্য।

মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী খুব শীঘ্রই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ইউনিয়ন উপকেন্দ্রে প্রশিক্ষিত ডিপ্লোমা মিডওয়াইফদের পর্যায়ক্রমে নিয়োগ প্রদান করা হবে। স্বাস্থ্যসেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেবার লক্ষ্যে ইতোমধ্যে সরকার প্রায় ১৪ হাজার কমিউনিটি ক্লিনিক স্থাপন করে। আইসিএম মান অনুযায়ী বাংলাদেশে ৪৭ টি মিডওয়াইফ লেড কেয়ার সেন্টার চালু আছে। এসব কেন্দ্রে মা ও শিশুর গুণগত সেবা প্রদানের লক্ষ্যে ইতিবাচক পরিবেশ, পর্যাপ্ত সরঞ্জামাদি সরবরাহ ও সামাজিক দৃষ্টি ভঙ্গি পরিবর্তন অপরিহার্য।

আমার বিশ্বাস দক্ষ মিডওয়াইফদের যথাযথ সেবার মাধ্যমে মা ও শিশু স্বাস্থ্য মানের উন্নয়ন ঘটিয়ে আমরা ২০৩০ সালের মধ্যে SDGs অর্জনে সক্ষম হবো।

আমি 'মিডওয়াইফ দিবস-২০১৮' এর সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

ধন্যবাদ

(মোহাম্মদ নাসিম, এমপি)

প্রতিমন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

"আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস-২০১৮" উপলক্ষ্যে সংশ্লিষ্ট সকল আয়োজকদের আমার শুভেচ্ছা ও অভিনন্দন। বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও গুরুত্বের সাথে বিভিন্ন কর্মসূচী গ্রহণের মাধ্যমে দিবসটি উদ্‌যাপন করছে। এ বছরের প্রতিপাদ্য বিষয় "Midwives Leading The Way With Quality Care" (মা ও শিশু স্বাস্থ্যের মানসম্মত সেবা প্রদানে মিডওয়াইফ এগিয়ে)। বাংলাদেশের প্রেক্ষাপটে যথার্থ বলেই আমি মনে করি।

মিডওয়াইফ ও স্বাস্থ্যকর্মীদের আন্তরিক প্রচেষ্টা ও অক্লান্ত পরিশ্রমের ফলে বাংলাদেশ মাতৃ ও শিশুমৃত্যু হ্রাসে উল্লেখযোগ্য সফলতা অর্জন করতে সক্ষম হয়েছে। গর্ভবতী মা ও নবজাতকের পরিচর্যায় প্রশিক্ষিত মিডওয়াইফের বিকল্প নেই। গুনগত সেবাদান নিশ্চিত করতে পর্যাপ্ত প্রশিক্ষন, অধিক সংখ্যক দক্ষ মিডওয়াইফ তৈরী, প্রয়োজনীয় শিক্ষা ও সার্ভিস সংক্রান্ত উপকরণ, সরঞ্জামাদি সরবরাহ, উপযুক্ত ও নিরাপদ কর্ম পরিবেশ সৃষ্টি এবং সহায়ক জনবল নিয়োগ বা পদায়ন অপরিহার্য।

বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য নেতৃত্ব এবং দূরদর্শী পরিকল্পনায় স্বাস্থ্যসেবার মান বৃদ্ধি পেয়েছে, শিশু ও মাতৃ মৃত্যুহার হ্রাস পেয়েছে এবং মানুষের গড়আয়ু বৃদ্ধি পেয়েছে। যার ফলস্বরূপ প্রধানমন্ত্রী পেয়েছেন আন্তর্জাতিক স্বীকৃতি। সম্পদের সীমাবদ্ধতা সত্বেও কেবল স্বাস্থ্য খাতেই নয় বরং দেশের সামগ্রিক উন্নয়নের জন্য প্রায় সকল খাতেই উল্লেখযোগ্য পরিবর্তনের ফলে বাংলাদেশ জাতিসংঘ কর্তৃক উন্নয়নশীল দেশের স্বীকৃতি পেয়েছে। সরকারের প্রতি মানুষের আস্থা অর্জিত হয়েছে উল্লেখযোগ্য হারে।

আওয়ামীলীগ সরকার আগামী ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে বাংলাদেশকে উন্নত দেশের সারিতে পৌঁছাতে বদ্ধপরিকর। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন বাস্তবায়নে তাঁরই সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা প্রতিশ্রুতিবদ্ধ।

নার্স-মিডওয়াইফগণ স্বাস্থ্যসেবায় একটি অবিচ্ছেদ্দ অংশ। আমার প্রত্যাশা এ মহান পেশায় নিয়োজিত প্রশিক্ষিত সকল মিডওয়াইফগণ বিষয়টি অনুভব করে এ দেশের জনগণের সেবায় আত্মনিয়োগ করে তাদের অবস্থান ও মর্যাদা অক্ষুন্ন রাখবেন।

পরিশেষে, আমি আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস-২০১৮-এর সফলতা কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবি হোক।

ধন্যবাদ

(জাহিদ মালেক, এমপি)

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

'আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস-২০১৮' বাংলাদেশে যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। দিবসটি উদ্‌যাপনের মাধ্যমে মিডওয়াইফারি শিক্ষা, সার্ভিস ও প্রশিক্ষিত মিডওয়াইফ সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাবে বলে আমার বিশ্বাস।

এ দিবসের প্রতিপাদ্য বিষয়: 'Midwives Leading The Way With Quality Care'(মা ও শিশু স্বাস্থ্যের মানসম্মত সেবা প্রদানে মিডওয়াইফ এগিয়ে) বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের প্রেক্ষাপটে যা খুবই তাৎপর্যপূর্ণ।

বাংলাদেশ মা ও শিশুমৃত্যু হ্রাসের ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে যা জাতিসংঘ কর্তৃক স্বীকৃতি পেয়েছে। এ সাফল্য অর্জনের ক্ষেত্রে মিডওয়াইফদের ভূমিকা গুরুত্বপূর্ণ। মাতৃ ও শিশুমৃত্যু হার শূন্যের কোটায় নামিয়ে আনতে মিডওয়াইফ, মা ও পরিবারের সদস্যদের সম্মিলিত প্রয়াস অপরিহার্য। এ লক্ষ্য অর্জনে কার্যকর পদক্ষেপ গ্রহণে সরকার শীঘ্রই মিডওয়াইফ পদে নিয়োগ দিবেন যা মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির বাস্তবায়ন। বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নার্সিং ও মিডওয়াইফারি পেশার উন্নয়নে অত্যন্ত আন্তরিক। দেশের সকল জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার ক্ষেত্রে মিডওয়াইফগণ তাদের উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য নিষ্ঠার সাথে পালন করবেন বলে আমি বিশ্বাস করি।

আমি 'আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস-২০১৮'-এর সফলতা কামনা করি এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই।

ধন্যবাদ

(ফয়েজ আহম্মদ)

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

"আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস" ৫ মে ২০১৮ উদ্‌যাপিত হতে যাচ্ছে জেনে আমি গর্বিত ও আনন্দিত। এ উপলক্ষে অনুষ্ঠান আয়োজক ও সকল সহযোগিদের আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি। দিবসটির প্রতিপাদ্য বিষয় "Midwives leading the way with quality care" (মা ও শিশু স্বাস্থ্যের মানসম্মত সেবা প্রদানে মিডওয়াইফ এগিয়ে) প্রতিপাদ্যের বিষয়বস্তু খুবই গুরুত্বপূর্ণ। স্বাস্থ্য ব্যবস্থাপনায় মা ও শিশুস্বাস্থ্য পরিচর্যায় মিডওয়াইফ সার্ভিসের বিকল্প নেই।

মিডওয়াইফদের আন্তরিক প্রচেষ্টায় বাংলাদেশের মা ও নবজাতকের মৃত্যুহার পূর্বের তুলনায় অনেকাংশে হ্রাস পেয়েছে। এ কার্যক্রম আরো গতিশীল করার জন্য জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। উন্নত দেশের তুলনায় বাংলাদেশ এখনও মা ও শিশুমৃত্যুহার প্রতিরোধে পিছিয়ে আছে। টেকসই উন্নয়ন (SDGs) লক্ষ্যমাত্রা অর্জনে বাংলাদেশে আরো অধিকসংখ্যক প্রশিক্ষিত মিডওয়াইফ প্রয়োজন।

গর্ভবতী মা ও শিশু পরিচর্যায় উন্নত কর্মপরিবেশ অপরিহার্য। এ লক্ষ্যে প্রণীত পাঠ্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের বিকল্প নেই। আমি মনে করি স্বাস্থ্যসেক্টরে কর্মরত ডাক্তার, নার্স, মিডওয়াইফ ও অন্যান্য সহযোগি সংশ্লিষ্ট পেশাজীবীদের মধ্যে সমন্বয়ের মাধ্যমে বর্তমান সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এ ক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখতে পারে। উন্নত সেবাদানের লক্ষ্যে মিডওয়াইফদের ব্যবহারিক শিক্ষা ও কর্মকান্ড পর্যবেক্ষণ ও মূল্যায়নের প্রতি জোর দেয়া প্রয়োজন।

পরিশেষে, আমি "আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস-২০১৮"-এর সফলতা কামনা করছি।

ধন্যবাদ

(অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ)

International Day of the Midwife 2018

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বাণী

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও ৫ মে ২০১৮ "আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস" উদ্‌যাপিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে আমি সকল বেসরকারী সংস্থা ও সংশ্লিষ্ট আয়োজকদেরকে আন্তরিক অভিনন্দন জানাই।

এ বছর ICM কর্তৃক নির্বাচিত প্রতিপাদ্য বিষয় "Midwives leading the way with quality care" (মা ও শিশু স্বাস্থ্যের মানসম্মত সেবা প্রদানে মিডওয়াইফ এগিয়ে)। মানসম্মত পরিচর্যার ফলে বাংলাদেশে উল্লেখযোগ্য হারে মাতৃশিশু মৃত্যুহার কমে এসেছে। এ সাফল্য অর্জনের ক্ষেত্রে গর্ভবতী মা ও শিশু পরিচর্যায় পরিবারের সদস্যদের পাশাপাশি একজন প্রশিক্ষিত মিডওয়াইফের ভূমিকা অপরিহার্য।

জাতির জনক বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নার্সিং ও মিডওয়াইফারি পেশার উন্নয়নে আন্তরিক। তাঁর যোগ্য নেতৃত্বে এবং দূরদর্শী পরিকল্পনায় স্বাস্থ্যসেবার মান আরো বৃদ্ধি পেয়েছে। মা ও শিশুস্বাস্থ্য উন্নয়নের লক্ষ্যে ৩০০০ (তিন হাজার) মিডওয়াইফ পদে নিয়োগ প্রদান প্রক্রিয়া অব্যাহত আছে। আশা করা যায় খুব শীঘ্রই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ইউনিয়ন সাবসেন্টারে পর্যায়ক্রমে প্রশিক্ষিত মিডওয়াইফদের নিয়োগ করা সম্ভব হবে। এছাড়া, প্রত্যন্ত অঞ্চলে গর্ভবতী মা ও শিশু স্বাস্থ্যসেবা বিবেচনায় এনে ইতোমধ্যে ১২০০ সার্টিফাইড মিডওয়াইফকে উপজেলা ও ইউনিয়ন সাবসেন্টারে প্রেষণে নিয়োগ প্রদান করা হয়। মিডওয়াইফারি শিক্ষা ও সার্ভিসকে শক্তিশালী করার লক্ষ্যে সরকারের আন্তরিক সহযোগিতায় সুইডেন সরকারের ডালার্না বিশ্ববিদ্যালয়ের অধীনে ওয়েব বেইজড মিডওয়াইফারি মাস্টার্স কোর্স অব্যাহত আছে, এ বছরেই পি.এইচ.ডি. কোর্স চালু হতে যাচ্ছে। ইউএনএফপি এর টেকনিক্যাল সহযোগিতায় বি.এসসি ও এম.এসসি মিডওয়াইফারি কারিকুলাম প্রণয়ন প্রক্রিয়াধীন।

মা ও শিশুর রোগ প্রতিরোধ এবং উন্নত সেবাদানে একজন প্রশিক্ষিত ও দক্ষ মিডওয়াইফ গর্ভধারণ থেকে নিরাপদ প্রসব পর্যন্ত সুস্বাস্থ্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। শুধু নিরাপদ প্রসবের মধ্যে তাদের দায়িত্ব সীমাবদ্ধ নয় মা ও শিশুর পুষ্টি ও রোগ প্রতিরোধ টিকা সম্পর্কে এবং পরিবারকে ছোট ও সাবলম্বি রাখার জন্য পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারে পরিবারের সদস্যদের মধ্যেও সচেতনতা বৃদ্ধিতে বলিষ্ঠ ভূমিকা পালন করে। মিডওয়াইফদের শিক্ষার উন্নয়ন ও প্রসার নার্সিং কলেজ ও ইনস্টিটিউটগুলো বলিষ্ঠ ভূমিকা রাখে বলেই অল্প সময়ের মধ্যে মিডওয়াইফগণ আন্তর্জাতিক অঙ্গনে নিজেদের জায়গা করে নিতে পারছে। আমার প্রত্যাশা তাদেরকে তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষার প্রতি যত্নশীল হতে হবে। ভবিষ্যতে প্রশিক্ষিত মিডওয়াইফদের সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাবে এবং মাতৃ ও শিশু স্বাস্থ্যসেবায় গুনগত পরিবর্তন আসবে। আমার দৃঢ় বিশ্বাস, মিডওয়াইফগণ কর্তব্যের প্রতি আরো নিষ্ঠাবান ও প্রতিশ্রুতিবদ্ধ হয়ে দেশ ও সমাজে নিজেদের অবস্থান ও ভাবমূর্তি আরো উজ্জ্বল করবে।

পরিশেষে, আমি এ আন্তর্জাতিক মিডওয়াইফ দিবসের সাফল্য ও মিডওয়াইফ পেশার উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করি এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই।

ধন্যবাদ-

(তন্দ্রা শিকদার)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

৫ মে ২০১৮ "আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস" উপলক্ষে আমি সংশ্লিষ্ট সকল আয়োজকদের আন্তরিক অভিনন্দন জানাই। এ বছর ICM-কর্তৃক নির্ধারিত প্রতিপাদ্য বিষয়: "Midwives leading the way with quality care" (মা ও শিশু স্বাস্থ্যের মানসম্মত সেবা প্রদানে মিডওয়াইফ এগিয়ে)। মানসম্মত প্রসূতি ও শিশু পরিচর্যার ক্ষেত্রে প্রতিপাদ্যটি গুরুত্বপূর্ণ বলেই আমি মনে করি।

মাতৃ ও শিশু মৃত্যুরোধে একজন প্রশিক্ষিত মিডওয়াইফের ভূমিকা অপরিসীম। একজন প্রশিক্ষিত ও দক্ষ মিডওয়াইফ গর্ভবতী মা ও শিশুর সুস্বাস্থ্য ব্যবস্থাপনায় সক্ষম। মিডওয়াইফ নবজাতকের অস্বাভাবিক উপসর্গ সনাক্তপূর্বক চিকিৎসার জন্য উপযুক্ত হাসপাতাল বা ক্লিনিকে প্রেরণ করতে পারে। মা ও শিশুস্বাস্থ্য উন্নয়নের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী পর্যায়ক্রমে প্রত্যন্ত অঞ্চলে সুবিধা বঞ্চিত মানুষের দোরগোরায় স্বাস্থ্যসেবা নিশ্চিত করা হবে।

আমার বিশ্বাস ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। এ লক্ষ্য অর্জনে প্রয়োজন প্রশিক্ষিত মিডওয়াইফের সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি এবং মিডওয়াইফারি শিক্ষা ও সার্ভিসকে শক্তিশালী করা। মাতৃ ও শিশুস্বাস্থ্য উন্নয়নে সরকারের পাশাপাশি বেসরকারী প্রতিষ্ঠানকেও এগিয়ে আসতে হবে।

পরিশেষে, আমি আন্তর্জাতিক মিডওয়াইফ দিবসের সাফল্য এবং মিডওয়াইফ পেশার উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি।

ধন্যবাদ

(ডাঃ কাজী মোস্তফা সারোয়ার)

International Day of the Midwife 2018

সভাপতি
বাংলাদেশ স্বাধীনতা চিকিৎসক পরিষদ

বাণী

৫ মে ২০১৮ আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস। বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও যথাযথ মর্যাদায় এ দিবসটি উদযাপন করা হচ্ছে যেনে আমি আনন্দিত। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের যৌথ এ উদ্যোগকে আমি স্বাগত জানাই। এ দিবসের প্রতিপাদ্য বিষয় **"Midwives leading the way with quality care"** (মা ও শিশু স্বাস্থ্যের মানসম্মত সেবা প্রদানে মিডওয়াইফ এগিয়ে) এ স্লোগানটির তাৎপর্য অনস্বিকার্য ও সর্বজনীন।

মাতৃ ও শিশুমৃত্যু প্রতিরোধে প্রশিক্ষিত মিডওয়াইফ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পরিবারের সদস্যবর্গও মাতৃশিশু পরিচর্যায় উল্লেখযোগ্য অবদান রাখতে পারে। আওয়ামীলীগ সরকারের সময়ে বাংলাদেশ বিভিন্ন সেক্টরে প্রভূত উন্নতি সাধন করে ধীরে ধীরে 'স্বল্প উন্নত দেশ' থেকে 'উন্নয়নশীল দেশ'-এ পরিনত হচ্ছে। স্বাস্থ্যখাতেও দেশটি বিগত দশকগুলোতে উল্ল্যেখযোগ্য অগ্রগতি সাধন করেছে। অনূর্ধ্ব পাঁচ বছরের শিশু মৃত্যুর হার প্রতিহাজার জীবিত জন্মে ৬৫ (২০০৭) থেকে কমে ৪৬ (২০১৪)-এ এসেছে। এসব সাফল্যের কারণে আমাদের মাননীয় প্রধানমন্ত্রী সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের পথে শিশু স্বাস্থ্য ও মাতৃ স্বাস্থ্যের বিষয়ে জাতিসংঘের পুরষ্কার লাভ করেন।

বর্তমান সরকারের বিভিন্ন পদক্ষেপের ফলে মিডওযাইফারি শিক্ষা ও সার্ভিসের মান ও গ্রহণযোগ্যতা ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়েছে। বর্তমানে বাংলাদেশে মাতৃমৃত্যু হার প্রতিলক্ষে ৩২০ থেকে নেমে ১৭৬ জনে নেমে এসেছে। মা ও শিশুস্বাস্থ্য সুরক্ষায় মাননীয় প্রধানমন্ত্রী খুবই আন্তরিক। ২০১০ সালে জাতিসংঘে অনুষ্ঠিত ৬৫তম সম্মেলনে তাঁর প্রতিশ্রুত ৩০০০ মিডওয়াইফ পদে শীঘ্রই প্রশিক্ষিত মিডওয়াইফ নিয়োগ দেয়া হবে। তবে মানসম্মত প্রসূতিসেবায় প্রয়োজন নিরাপদ কর্মপরিবেশ ও সুযোগ-সুবিধা নিশ্চিত করা।

বর্তমান সরকার ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়নের লক্ষ্যে (SDGs) বিভিন্ন কর্মকৌশল গ্রহণ করেছে। ১৭টি উন্নয়ন লক্ষ্যমাত্রার মধ্যে তৃতীয়টি হচ্ছে "সকলের জন্য সুস্থ্য ও উন্নত জীবন নিশ্চিত করা"। স্বাস্থ্যসেবা ব্যবস্থাপনায় নিয়োজিত বিভিন্ন দক্ষ জনবলের সমন্বিত প্রচেষ্টায় লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে বিভিন্ন কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

আমি "আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস"-এর সাফল্য কামনা করি।

ধন্যবাদ-

(ডাঃ এম. ইকবাল আর্সলান)

রেজিস্ট্রার
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

বাণী

৫ মে ২০১৮ "আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস" প্রতিবছরের ন্যায় এবছরও বাংলাদেশে উদ্‌যাপন করায় আমি গর্বিত ও আনন্দিত। বিশ্বব্যাপী মা ও শিশু স্বাস্থ্যসেবায় মিডওয়াইফদের ভূমিকা সম্পর্কে জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির জন্য আইসিএম কর্তৃক এ উদ্যোগ। দিবসটির এবারের প্রতিপাদ্য বিষয় "Midwives Leading The Way With Quality Care" (মা ও শিশু স্বাস্থ্যের মানসম্মত সেবা প্রদানে মিডওয়াইফ এগিয়ে) যা বাংলাদেশের প্রেক্ষাপটে যথার্থ ও সময়োপযোগী।

গর্ভবতী মা ও শিশু স্বাস্থ্য সুরক্ষায় মিডওয়াইফারি সার্ভিস একটি গুরুত্বপূর্ণ পেশা। বাংলাদেশ সরকার আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার বিশেষ করে UNFPA-এর টেকনিক্যাল সহযোগিতায় মিডওয়াইফারি শিক্ষা ও সার্ভিস ক্ষেত্রে ব্যাপক উন্নয়ন সাধিত হয়েছে। মা ও শিশুর রোগ প্রতিরোধ, বিজ্ঞানসম্মত সেবাপ্রদান, মাতৃশিশু মৃত্যুহার লক্ষ্য অর্জনে বর্তমান সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

এ লক্ষ্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিশ্রুত ৩০০০ মিডওয়াইফ পদ সৃজন করা হয়েছে যা প্রশিক্ষিত মিডওয়াইফ দ্বারা শীঘ্রই পূরণ করা হবে। সরকারি ও বেসরকারি পর্যায়ে মোট ৫৪টি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে ৩ বছর মেয়াদী ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্স পরিচালনা অব্যাহত আছে। এদিকে এ পর্যন্ত ৩ ব্যাচ স্টুডেন্ট কোর্স সম্পন্ন করে লাইসেন্সসিং পরীক্ষায় উত্তীর্ণ হয়ে রোহিঙ্গা ক্যাম্পসহ বিভিন্ন প্রত্যন্ত অঞ্চলে কর্মরত আছে।

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যশিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সমন্বয়ে এবং UNFPA এর টেকনিক্যাল সহযোগিতায় বিএসসি ও এমএসসি মিডওয়াইফারি কারিকুলামের খসড়া প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে। তদুপরি, মিডওয়াইফ শিক্ষাকে গতিশীল ও আধুনিকায়নের লক্ষ্যে সুইডেন সরকারের আন্তরিক সহযোগিতায় ডালার্না বিশ্ববিদ্যালয়ের অধীন ওয়েব বেইজড মিডওয়াইফারি মাস্টার কোর্স চালু করা হয়েছে।

আইসিএম-এর প্রতিপাদ্যের আলোকে মানসম্মত ম্যাটার্নিটি সার্ভিস নিশ্চিত করার লক্ষ্যে উপযুক্ত কর্মপরিবেশ ও পর্যাপ্ত লজিস্টিক সাপোর্ট অপরিহার্য। উন্নত সেবাদানের লক্ষ্যে মিডওয়াইফদের ব্যবহারিক শিক্ষা ও কর্মকান্ড পর্যবেক্ষণ ও অব্যাহত মূল্যায়নের প্রতি জোর দেয়া প্রয়োজন।

পরিশেষে, আমি "আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস" উদ্‌যাপনে সংশ্লিষ্ট সকল সহযোগিদের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

ধন্যবাদ

(সুরাইয়া বেগম)

International Day of the Midwife 2018

BRAC UNIVERSITY

Inspiring Excellence

প্রতিষ্ঠাতা ও চেয়ারপারসন

ব্র্যাক ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়

বাণী

বিগত বছরগুলোর ন্যায় এ বছরও বাংলাদেশ নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিল, এবং নার্সিং এন্ড মিডওয়াইফারি অধিদপ্তর **'আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস'** উদ্‌যাপন করছে জেনে ব্র্যাক এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আমি আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি। বাংলাদেশে মাতৃমৃত্যু, নবজাতক ও শিশুমৃত্যুর হার কমানোর জন্য মিডওয়াইফারি সেবার বিকল্প নেই। আর সেই লক্ষ্যে ব্র্যাক বিশ্ববিদ্যালয় বাংলাদেশ সরকারের সহায়তায় ২০১২ সাল থেকে মিডওয়াইফারি শিক্ষা কার্যক্রম চালু করেছে।

ব্র্যাক বিশ্ববিদ্যালয় থেকে এ পর্যন্ত ৪০০ জন শিক্ষার্থী ডিপ্লোমা ইন মিডওয়াইফারি ডিগ্রী অর্জন করেছে এবং তাদের মধ্যে ৩৯৭ জনই বাংলাদেশ নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিল থেকে লাইসেন্স পেয়েছে। বর্তমানে ৪৪২ জন শিক্ষার্থী ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে অধ্যয়নরত রয়েছে। সকল লাইসেন্সধারী মিডওয়াইফরা বিভিন্ন দেশি-বিদেশি এনজিও'র স্বাস্থ্য কেন্দ্র ও হাসপাতালে কর্মরত রয়েছে। এখানে উল্লেখ্য যে, লাইসেন্সধারী মিডওয়াইফদের মধ্যে ৯৯ জন কক্সবাজারে শরণার্থী ক্যাম্পে মাতৃ ও শিশু স্বাস্থ্য সেবায় ২৪/৭ নিয়োজিত আছে এবং ইতিমধ্যেই শরণার্থী গর্ভবর্তী মায়েদের সেবায় তারা যথেষ্ট সুনাম অর্জন করেছে। এছাড়াও ব্র্যাক এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয় মিরপুর- এ একটি 'মিডওয়াইফ লেড ম্যাটারর্নিটি সেন্টার (মডেল সেন্টার) চালু করেছে, যা ডিপ্লোমা মিডওয়াইফ দ্বারা পরিচালিত হচ্ছে।

বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ইতিমধ্যে ৬০০ মিডওয়াইফ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করেছে, যার মধ্যে ১৩২ জন (১ম ব্যাচ) ব্র্যাক বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রী অর্জন করেছে। উক্ত মিডওয়াইফদের দ্রুত পদায়ন নিশ্চিত করা একান্ত প্রয়োজন।

বাংলাদেশের মাতৃমৃত্যু, নবজাতক ও শিশুমৃত্যুর হার কমানোর জন্য ব্র্যাক বাংলাদেশ সরকারকে সহায়তা করে আসছে এবং তা ভবিষ্যতেও অব্যাহত থাকবে। ব্র্যাক প্রতিটি ইউনিয়নে দুইজন মিডওয়াইফ পদায়ন করে মাতৃ, নবজাতক ও শিশুমৃত্যুর হার কমাতে সরকাররের কার্যক্রমকে আরো জোরদার করবে। ফলশ্রুতিতে বাংলাদেশ ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহ (SDGs) অর্জনে সক্ষম হবে।

পরিশেষে, 'আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস ২০১৮' এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি এবং সেই সাথে মিডওয়াইফারি কর্মকান্ডের সাথে সংশ্লিষ্ট সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিল, নার্সিং এন্ড মিডওয়াইফারি অধিদপ্তর এবং উন্নয়ন সহযোগী সংস্থাদের ধন্যবাদ জ্ঞাপন করছি।

স্যার ফজলে হাসান আবেদ

International Day of the Midwife 2018

World Health Organization
Bangladesh

WHO Representative a.i.

Message

Midwives can play a central role in providing care for pregnant women, mothers and newborns, contributing with their skills and motivation to the wellbeing of families. By observing each year the international Day of the Midwife, we are acknowledging the crucial role of this professional category to health and well-being. The theme of this year ~Midwives leading the way with quality care" emphasizes that adequate qualification is a prerequisite for the overall success of midwives and stress the importance of continuous training programmes in order to achieve the desired quality level of midwifery services across the country.

Bangladesh is moving towards achieving the Sustainable Development Goals commitment: to reduce the maternal mortality ratio from 196 to 70 per 100 000 live births by 2030.

According to the recent Bangladesh Maternal Mortality and Health Care Survey 2016, 50 percent of deliveries were attended by trained health personnel (compared to 27 percent in 2010) and 47 percent of deliveries take place in health facilities (compared to 23 percent in 2010). To ameliorate this situation, combined efforts of all major stakeholders are required. Government, non-government organizations, development partners, and civil society have a shared responsibility to increases access to professional midwifery services and thus a collective is needed to augment the number of trained midwives.

We commend the Government of Bangladesh for the training and deployment of qualified midwives against the almost 3,000 midwifery posts in the public health system. We also commend it for introducing a dedicated three year `Diploma in Midwifery' course in different colleges and institutes which shows progresses against the "Every Woman Every Child Strategy" of the United Nations. The initiative of formulating a national midwifery policy also signifies the government's commitment to improve midwifery services in the country.

WHO is committed to provide technical support to the Directorate General of Nursing and Midwifery and to the Bangladesh Nursing and Midwifery Council to strengthen their capacity and service quality. WHO supported the Ministry of Health and Family Welfare to conduct a mapping study of various health professional education institutions including midwife. This study emphasizes the importance of strengthening education data management information systems for evidence-based planning and deployment of midwives along with other professionals. WHO also supported the revision of the three year Diploma in Nursing Science and Midwifery course curriculum and the examination system.

Since midwifery is a growing profession in Bangladesh, supportive supervision, career development opportunities, and a sound working environment including logistical support are needed to produce the highest quality of care. WHO is fully committed to extend its support to improve and expand midwifery services to thus contribute to the health and wellbeing of the people of Bangladesh including all pregnant women, mothers and newborns.

International Day of the Midwife 2018

Dr Bardan Jung Rana
WHO Representative a.i.

Representative
UNFPA-Bangladesh

Message

Every year we celebrate International Day of the Midwife on 5 May. The theme for 2018 is, "Midwives Leading the Way with Quality Care." As such, it resonates fully with the remarkable efforts and progress that Bangladesh has made in rolling out and accelerating the midwifery profession, thereby making a critical contribution to women's health, and also that of newborn children.

Indeed, professional midwives are increasingly stepping into their role as leaders and providers of high quality sexual and reproductive health care for women and girls in Bangladesh. There are currently 1,883 registered diploma midwives and 1,600 certified midwives in the country.

Three hundred and sixty five days a year, twenty four hours a day, midwives are courageously providing frontline care to girls and women, delivering our future generations.

Because of the quality of care and commitment they provide globally, professional midwives are able to avert about two-thirds of all maternal and newborn deaths.

We extend our warm congratulations to Bangladesh for becoming a "Developing Country", building on some of the remarkable growth that has already happened. While we applaud this achievement, we also gather energy to solve and fill the remaining gaps to secure maternal and newborn health now and in the future.

Still today, only one in two women use a skilled birth attendant at the time of delivery, and women who are furthest left behind, have particularly low access. This accentuates their risk of morbidity and mortality.

However, midwives can provide the solution as with them, more women will have access to lifesaving care. Midwives' role in the health system is essential in ensuring equity in health care services for all women and girls, as they provide a continuum of sexual and reproductive health care, including family planning, maternity care, newborn care, sexually transmitted infection and cervical cancer screenings, adolescent-friendly services, and gender-based violence prevention and response.

In addition, midwives are role models in their communities and societies and in Bangladesh at large, and the midwifery profession can also empower women economically, offering an opportunity to enter the labour market as wage earners, inspiring others at the same time.

The Government of Bangladesh, with the support of UNFPA, is working tirelessly to provide quality sexual and reproductive health care. As part of these efforts, midwives have been deployed to remote rural health facilities as well as to contexts with humanitarian crises including floods, cyclones and influxes of refugees and displaced persons.

In order for Bangladesh to achieve the best health outcomes and SDG 3 and 5 targets related to reducing maternal mortality, promoting gender equality, and ensuring universal access to sexual and reproductive health services, midwives must be integral part of the whole health care system and available everywhere – from public to private facilities, from communities to referral hospitals – and we shall work to ensure the value is widely known.

Bangladesh's current health care policies set a clear agenda for midwives to take the lead and become role models for empowerment of women and gender equity in education, health care, at the workplace, and in society in general. In order for midwife-leaders to bring about the needed transformations, enabling environments must be further assured. Midwives need to be recognized as autonomous experts when caring for healthy women, operating in safe work spaces, and functioning as part of a team with other health care service providers to ensure also rapid emergency response for those with life-threatening complications.

Midwives are heroines bringing lifesaving health services to all women and particularly to vulnerable women and girls, promoting gender equality and ensuring no one is left behind. They are real proof and realization of both the SDGs in action as well as UNFPA's mandate of ensuring reproductive health and rights for all.

UNFPA would like to commend the Government of Bangladesh, in particular the Ministry of Health and Family Welfare, for its hard work and dedication in promoting the health of girls, women, mothers, and newborns by ensuring a strong midwifery profession to safeguard good health for all. In addition, UNFPA thanks all of the midwives who have bravely stepped forward to fulfill leadership roles for women's empowerment.

Dr. Asa Torkelsson
UNFPA Bangladesh Representative

সভাপতি
বাংলাদেশ মিডওয়াইফারি সোসাইটি

বাণী

৫ মে ২০১৮ বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও "আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস" যথাযথভাবে পালিত হওয়ায় আমি অত্যন্ত আনন্দিত। দিবসটির এবারের প্রতিপাদ্য বিষয় "Midwives Leading The Way With Quality Care" (মা ও শিশু স্বাস্থ্যের মানসম্মত সেবা প্রদানে মিডওয়াইফ এগিয়ে) যা বাংলাদেশের প্রেক্ষাপটে যথাযথ ও তাৎপর্যপূর্ণ।

মা ও শিশুর মানসম্মত সেবায় প্রশিক্ষিত মিডওয়াইফের বিকল্প নেই। সমগ্র বিশ্বে মিডওয়াইফারি একটি গুরুত্বপূর্ণ পেশা হিসেবে গর্ভবতী মা ও শিশু পরিচর্যা এবং মাতৃশিশু মৃত্যু প্রতিরোধে উল্লেখযোগ্য অবদান রেখে যাচ্ছে। বাংলাদেশেও এ পেশার অবদান দৃশ্যমান। সরকারের আন্তরিকতা ও বিভিন্ন পদক্ষেপের ফলে মিডওয়াইফগণ তাদের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করে যাচ্ছে। আজ সর্বক্ষেত্রেই মিডওয়াইফগণ মানসম্মত সেবাদানে এগিয়ে যাচ্ছে।

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে মিডওযাইফগণ অত্যন্ত সভলভাবে কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে ইউএনএফপিএ'র আর্থিক সহযোগিতায় বাংলাদেশ মিডওয়াইফারি সোসাইটি জেলা ভিত্তিক স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীদের উদ্বুদ্ধ ও সচেতন করা কার্যক্রম হাতে নিয়েছে। বাংলাদেশ মিডওয়াইফারি সোসাইটি (বিএমএস) নতুন প্রজন্মদের এ পেশায় আশার জন্য বিভিন্নভাবে অনুপ্রেরণা দিয়ে আসছে।

আজ ৫ই মে ২০১৮ আন্তর্জাতিক মিডওয়াইফারি দিবসে বাংলাদেশ মিডওয়াইফারি সোসাইটির পক্ষ থেকে দেশবাসীকে জানাই আন্তরিক অভিনন্দন।

ধন্যবাদ

(হালিমা আক্তার)

New techniques to birthing

Dr. Nusrat Azrin Mohsin, Clinical Mentor, Save the Children

Khatiza is 35 years old and a mother of two. After two Intra Uterine Deaths (IUDs), Khatiza is in labour again. This is a very precious moment for Khatiza and her family. Accompanied by two of her relatives Khatiza arrived at the hospital at the early hours of dawn. Her water broke soon after the dawn prayers and since then her pain had been increasing. Midwife Rahima Khatun, attended Khatiza since her arrival at the hospital. Rahima got to know that Khaitiza had two IUDs before this pregnancy, hence this pregnancy could take a critical turn.

Midwife Rahima has received guidance and support from Save the Children's Clinical Mentor Nusrat. Previously Midwife Rahima had not seen the birthing positions in practical life, she had only studied about it in books and theories. Clinical Mentor Nusrat supported and guided Rahima by demonstrating the different birthing techniques, birth positions and after-birth care by showing her videos, providing her with materials. Under the clinical mentoring of Nusrat, Rahima is now very confident in undertaking normal vaginal delivery.

After a lengthy time in labour, Khatiza was finally in full contraction and started feeling extreme levels of pain. Midwife Rahima asked her to sit on the birthing tool and get ready for the baby to come out. However, because of lack of awareness and available knowledge on birthing positions, the idea of sitting on a birthing tool was not well accepted by Khatiza and her relatives at all. Khaitiza's mother in law was shocked to hear about the possibility of sitting and giving birth. "I have never heard about such a technique. None of my past generation used this way of birthing. I will not accept this. I should not have come here," she mentioned showing full concern. Khatiza was also panicked at the thought of sitting on a tool for birthing; she had never heard or even seen anyone in her neighborhood do this. Khatiza also panicked! Khatiza's mother in law became furious and suggested that leave the health complex immediately and deliver at home.

At that time, Clinical Mentor guided the midwife to provide counseling to the mother and the family. Together, they explained the advantages of positioning the baby in a sitting or squatting position. They explained the benefits of it to the mother and child. Together they reassured and convinced Khatiza to do a trial. If she faces any difficulty, she was to be removed immediately. Finally Khatiza was on the birthing tool and within minutes she was further dilated. Her contractions increased and she felt a push downwards. To her surprise, Khatiza felt much more comfortable in this position than in any previous deliveries. The clinical mentor and midwife asked her if she wanted to change it, but Khatiza felt confident. They both provided her with reassurance, mental support and strength to go through with this.

In a very short time, Khatiza delivered a beautiful baby girl in that sitting birthing position. Right after the birth, the Clinical mentor guided Midwife Rahima to cut the cord in time and do skin to skin care. The entire process was not scary at all. Infact, the experience will always be very memorable to Khatiza. "I was very sacred of trying a new position for delivering my third child. I have been told by my elders to deliver in the traditional ways, but the sitting birthing position really helped me. It was quick and less painful. I felt comfortable and confident after listening to the Midwife under the guidance of the Clinical Mentor. Midwife Rahima even helped me with feeding the baby for the first time," says Khatiza at the time of her release just a few hours after birth.

After her experience, Khatiza has full confidence in the midwives. She hopes to encourage her neighbors, break the traditional taboos of delivery and spread awareness amongst her friends. She realizes that birthing can be a memorable process if it is done under proper guidance and support.

মাতৃ ও শিশুস্বাস্থ্য সেবায় দক্ষ জনশক্তি

রেজাউল করিম

কোঅর্ডিনেটর-ইন্টারভেনশনস্, আস্থাপ্রকল্প, সুইসকন্ট্যাক্ট

